বাংলাদেশ কৃষি ব্যাংক
এসএমই বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৩৪)
E-mail : dgmsme@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৫/২০১৭

তারিখঃ ০৭/০৬/২০১৭

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/
স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **২০১৭-১৮ অর্থবছরে এসএমই এর আওতায় বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসংগে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব দিনকে দিন বৃদ্ধি পাওয়ায় এসএমই ঋণ কার্যক্রমকে অধিকতর গতিশীল ও ফলপ্রসু করার জন্য প্রত্যেক অর্থবছরে ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক বাৎসরিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার সাথে এসএমই ঋণের লক্ষ্যমাত্রা আলাদাভাবে নির্ধারন করে দেয়া হয়। এসএমই খাতের গুরুত্ব বিবেচনায় নিয়ে বিগত ১৭/০৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬৮৬ তম সভায় অত্র ব্যাংকের ২০১৭-১৮ অর্থবছরে এসএমই এর আওতায় ঋণ বিতরন লক্ষ্যমাত্রা ১৪০০.০০ ( এক হাজার চার শত) কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থবছরে বিভাগসমূহের **পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে** ২০১৭-১৮ অর্থবছরে বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরন লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলোঃ

(কোটি টাকায়)

| ক্রঃনং | বিভাগের নাম | এসএমই ঋণ বিতরন লক্ষ্যমাত্রা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রকল্প ঋণ | ট্রেডিং | সেবা | ম্যানুফ্যোকচারিং | কটেজ | মোট |
| ০১. | ঢাকা | ৩০.০০ | ১৪০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০.০০ | ২৮০.০০ |
| ০২. | ময়মনসিংহ | ১১.০০ | ৮৪.০০ | ৩০.০০ | ৩০.০০ | ১০.০০ | ১৬৫.০০ |
| ০৩. | চট্টগ্রাম | ২৫.০০ | ৯৫.০০ | ২০.০০ | ২০.০০ | ১০.০০ | ১৭০.০০ |
| ০৪. | খুলনা | ১২.০০ | ৮১.০০ | ২০.০০ | ১২.০০ | ১৫.০০ | ১৪০.০০ |
| ০৫. | বরিশাল | ৯.০০ | ১৮.০০ | ৮.০০ | ৫.০০ | ১০.০০ | ৫০.০০ |
| ০৬. | সিলেট | ১০.০০ | ৩৫.০০ | ১০.০০ | ১৫.০০ | ১০.০০ | ৮০.০০ |
| ০৭. | কুমিল্লা | ২৫.০০ | ১৩০.০০ | ২৫.০০ | ২৫.০০ | ১৫.০০ | ২২০.০০ |
| ০৮. | ফরিদপুর | ৯.০০ | ৫৫.০০ | ১৫.০০ | ১৬.০০ | ১০.০০ | ১০৫.০০ |
| ০৯. | কুষ্টিয়া | ৯.০০ | ৮৫.০০ | ১৬.০০ | ২০.০০ | ১০.০০ | ১৪০.০০ |
| ১০. | এলপিও | ১০.০০ | ২৭.০০ | ৬.০০ | ৭.০০ | ০০ | ৫০.০০ |
| | মোটঃ | ১৫০.০০ | ৭৫০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ১০০.০০ | ১৪০০.০০ |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে বন্টন করবেন। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরন করতে হবেঃ

ক) বিভাগীয় লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১০ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষনপূর্বক যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা চিহ্নিত করে ঋণ বিতরন করতে হবে।

খ) এসএমই ঋণ পোর্টফোলিওর খাতভিত্তিক কাঙ্খিত গঠন হবে ম্যানুফ্যাকচারিং অন্যূন ৩০%, সেবা অন্যূন ১৫% এবং ব্যবসা সর্বোচ্চ ৫৫%;

গ) ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিওতে এসএমই খাতে ঋণ বিতরণ এবং ঋণ স্থিতির শতকরা কাঙ্খিত হার হচ্ছে অন্যূন ২০%। এসএমই খাতে ঋণ বিতরণে মাঝারি খাতের চেয়ে **ক্ষুদ্র , মাইক্রো ও কটেজ** খাতে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে ।

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
১। প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
২। অতীব জরুরী দ্রুত ব্যবস্থা নিন।
৩। কাংখিত তথ্য/প্রতিবেদন প্রেরণ করুন।
৪। নির্ধারিত সময়ের মধ্যে জবাব দিন।
৫। আলাপ করুন।
ডাইরী নং
তারিখঃ

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০ তারিখ ৩০/১১/২০১০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ২০১৭-১৮ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ অর্থবছরের শুরু থেকেই উক্ত ঋণ বিতরন কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৭/০৩/২০১৭

(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৮)/২০১৬-১৭/ ৬৫৭ (১২৫০) তারিখঃ ঐ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরনঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ,ঢাকা।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব ,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ,ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৭. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. নথি/মহানথি।

০৭/০৩/২০১৭

(মির্জা আরিফুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে